

মহিলা ও শিশু উন্নয়ন কমিটির অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব কাজী জলি আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, মণিরামপুর, যশোর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, মণিরামপুর, যশোর।
সভার তাং : ১১/১০/২০২১ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ-

ক্রমিক নং	নাম	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব, মোঃ আয়ুব আলী গাজী, চেয়ারম্যান, ৪নংঢাকুরিয়া ইউপি, মণিরামপুর, যশোর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব, মোঃ আব্দুল আলীম(জিন্নাহ), চেয়ারম্যান, ৭নং খেদাপাড়া ইউপি, মণিরামপুর, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব, মোঃ জহুরুল ইসলাম ইউপি, ৮নং হরিহরনগর মণিরামপুর, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব, শেখর চন্দ্র রায়, চেয়ারম্যান, ১৫নং কুলটিয়া ইউপি, মণিরামপুর, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	গীতা রানী কুন্ডু, মহিলা কাউন্সিলর, মণিরামপুর পৌরসভা, মণিরামপুর	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব, মৌসুমী আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মণিরামপুর, যশোর।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি:

১। বাল্য বিবাহ, ইভটিজিং, যৌনহয়রনি প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ক জনসচেতনতা মূলক উঠান বৈঠক আয়োজন।

২। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণার্থী নির্বাচন সংক্রান্ত।

৩। বিবিধ।


১। সভার শুরুতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের সমন্বয়ে পাড়িয়ালী দাখিল মাদ্রাসায় বাল্য বিবাহ, যৌনহয়রনি প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ক জনসচেতনতা মূলক কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। তিনি আরো জানান ঐ ইউনিয়নের চেয়ারম্যান, কাজী, পুরোহিত, ইউপি সদস্য, ইমাম এবং সুশীল সমাজের ব্যক্তিবর্গের সমন্বয়ে উঠান বৈঠক করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মণিরামপুর, যশোর।

২। সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ২০২১ সালের জন্য ৫পি ক্যাটাগরীতে ৫ জন জয়িতা নির্বাচন বিষয়ে আলোচনা করেন। ২০২১-২০২২ অর্থ বছরে আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ১) দর্জি বিজ্ঞান ও ২) বিউটিফিকেশন ট্রেডে ২৫ জন করে মোট= ৫০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করার জন্য নির্দেশনা এসেছে। সে মোতাবেক প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য দ্রুত ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মণিরামপুর, যশোর।

সভাপতি সভায় বলেন যে, এধনের উদ্যোগের ফলে মহিলা ও শিশু নির্যাতনের হার অনেকটা কমে যাবে। বাল্য বিবাহ ও ইভটিজিং এবং মাদক গ্রহন প্রতিরোধ অনেকাংশে সফল হবে। গ্রামের অসহায় দুঃস্থ মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদানের ফলে মহিলারা কর্মদক্ষতা অর্জন করেছেন তারা পারিবারিকভাবে স্বাবলম্বি হবে বলে আশা করা যায়। মাতৃত্বকাল ভাতা প্রদানের ব্যবস্থার ফলে সমাজে বিবাহ বিচ্ছেদ, নারী নির্যাতন প্রতিরোধ, যৌতুক প্রথা বিলোপ সাধনে অনেকটা সহায়ক ভূমিকা পালন করবে। সর্বশেষে তিনি সরকারের এ মহৎ উদ্যোগকে তিনি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।



(কাজী মোছা: জলি আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর।

ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন কমিটি,

মণিরামপুর, যশোর।

স্মারক নং-৩২.০১.৪১৬২.০০০.১৮.০০০.১৮.২০২১-২১৭

তারিখঃ ১১/১০/২০২১ খ্রিঃ

সদয় অগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর।

০২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মণিরামপুর, যশোর।

০৩। সি,এ,-টু-উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য, মণিরামপুর, যশোর।

০৪। গীতারানী কুন্ডু, কাউন্সিলর, পৌরসভা, মণিরামপুর, যশোর।

০৫। অফিস কপি।


(মৌসুমী আক্তার) ১১/১০/২০২১

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

মণিরামপুর, যশোর।